

SAMPLE

English to Bangla Translation

Client: HerStory Foundation

## TEXT SOURCE IN ENGLISH

### **Anjuman Ara Begum (1942 – 2004)**

By Bipasha Hayat (b.1971)


Anjuman Ara Begum was a Bangladeshi vocalist who rose to fame singing on the radio during the 1960s. At a time when the use of television was not widespread, Anjuman's captivating voice was a regular on the radio, her talent earning her three radio contracts per month. In a musical career spanning over 40 years, her repertoire included the gamut from Nazrul Geeti to folk songs, from ghazals to semi-classical songs. This, coupled with her natural talent for singing, made her a favourite for listeners.

In 1964, she sang the first song telecast on Bangladesh Television, the national channel. Her most renowned songs include, Tumi Ashbe Boley, Akasher Hatey, Key Swaraner Prantore, Khokonshona, Chadni, Brishti Johon, Shathi Ronger. The Bangladesh Shilpakala Academy gave her the 'Gunijan' award in 2000, while the Government of Bangladesh awarded her the Ekushey Padak for her contribution to music in 2003.

Bipasha Hayat completed her BFA and MFA from the Department of Painting, Institute of Fine Arts, University of Dhaka. Alongside her accomplishments as an artist, she is a recognized actress and has received the Bangladesh National Film Award for Best Actress for her role in the film Aguner Poroshmoni (1994).

Bipasha spent a part of her childhood in Libya and had the opportunity to observe ancient Roman architecture and sculpture, the memory of which has influenced her work. She writes, "I envision myself wandering through these places at the height of civilization. Even after adulthood when I visited Pompeii, Old Rome, Acropolis of Athens, Mycenae, Egypt, the ruins and the unidentified writings, made me feel that my own stories are written in stones. All of us are carrying the same sorrow and happiness as those ancient people..." She has had multiple solo exhibitions in Bangladesh and abroad, the last of which was titled Mindscape in 3B Gallery in Rome in 2017. In 2016, she received the Honorable Mention Award at the 17th Asian Art Biennial.

**Scroll down for Bangla Translation**



## আঞ্জুমান আরা বেগম (১৯৪২ - ২০০৪)

### - বিপাশা হায়াত (১৯৭১)

আঞ্জুমান আরা বেগম ছিলেন একজন বাংলাদেশী কণ্ঠশিল্পী। তিনি ষাটের দশকে রেডিওতে গান গেয়ে খ্যাতি অর্জন করেন। সেই সময় যখন দেশে ঘরে ঘরে টেলিভিশন এসে পৌঁছায়নি, তখন রেডিওতে তিনি এতই জনপ্রিয় ছিলেন যে তিনি রেডিওতে মাসে তিনটি করে অনুষ্ঠান করতেন। দীর্ঘ ৪০ বছরের সঙ্গীতজীবনে তিনি নজরুলগীতি থেকে শুরু করে লোকগীতি, গজল থেকে শুরু করে সেমি-ক্লাসিকাল - বহু ধরনের গান গেয়েছেন। এই বৈচিত্র্য ও তাঁর সহজাত প্রতিভা তাঁকে ব্যাপক শ্রোতাপ্রিয়তা এনে দেয়।

১৯৬৪ সালে বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচারিত প্রথম গানটি তিনি পরিবেশন করেন। তাঁর সর্বাধিক জনপ্রিয় গানগুলোর মধ্যে রয়েছে - *তুমি আসবে বলে, আকাশের হাতে, কে স্মরণের প্রান্তরে, খোকনসোনা, চাঁদনী, বৃষ্টি যখন, সাতটি রঙের।* ২০০০ সালে বাংলাদেশ শিল্পকলা একাডেমী তাঁকে “গুণীজন” পুরস্কারে ভূষিত করে, এবং ২০০৩ সালে সঙ্গীতে তাঁর অবদানের জন্য বাংলাদেশ সরকার তাঁকে একুশে পদকে ভূষিত করে।

**বিপাশা হায়াত** ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের পেইন্টিং বিভাগ থেকে বিএফএ ও এমএফএ সম্পন্ন করেন। চিত্রশিল্পী হিসেবে বহু অর্জনের পাশাপাশি তিনি একজন খ্যাতিমান অভিনেত্রী হিসেবেও পরিচিত। “আগুনের পরশমণি” চলচ্চিত্রে অভিনয়ের জন্য তিনি সেরা অভিনেত্রী হিসেবে বাংলাদেশ জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করেন।

বিপাশা হায়াত তাঁর শৈশবের একটি সময় লিবিয়ায় কাটান। তখন রোমান ভাস্কর্য ও স্থাপত্যকর্ম কাছ থেকে দেখার সুযোগ হয়, যা তাঁর শিল্পকর্মকে বিপুলভাবে অনুপ্রাণিত করে। তিনি লিখেছেন, “আমার মাঝে মাঝে মনে হয় ওই সময়ে রোমান সাম্রাজ্যের এখানে সেখানে আমি ঘুড়ে বেড়িয়েছি। বড় হয়েও আমি পম্পেই, প্রাচীন রোম, এথেন্সের এ্যাক্রোপোলিস, মাইসিনিয়া ও মিশর গিয়েছি। প্রতিটি প্রাচীন নগরীর ধ্বংসাবশেষ ও শীলালিপির অজানা লেখাগুলো দেখে মনে হয়েছে যে তা আমাকে নিয়েই লেখা হয়েছে। দুঃখ-সুখের আবেগ এখনো আমরা তাদের মতোই অনুভব করি।”

দেশে-বিদেশে তাঁর বেশ কিছু প্রদর্শনী আয়োজিত হয়েছে। এর মধ্যে সর্বশেষটি ছিল ২০১৭ সালে রোমের স্থি বি গ্যালারিতে, “মাইন্ডস্কেপ” শিরোনামে। ২০১৬ সালে ১৭তম দ্বিবার্ষিক এশিয় চারুকলা প্রদর্শনীতে তিনি Honorable Mention Award লাভ করেন।